

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬২৮

আগরতলা, ১০ নভেম্বর, ২০২৩

দীপাবলি উপলক্ষ্যে রাজ্যপালের শুভেচ্ছা

দীপাবলি উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু ত্রিপুরাবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ‘দীপাবলি হচ্ছে আলোর উৎসব। অন্ধকার দূরীভূত করে আলোর বার্তা নিয়ে আসে এই দীপাবলি উৎসব। এই উৎসব অশুভ শক্তি ও অজ্ঞানতার বিরুদ্ধে শুভশক্তি ও জ্ঞানের বিজয়ের প্রতীক। এই উৎসব আমাদের হৃদয়ে জ্ঞান, সহানুভূতি ও আশার আলো নিয়ে আসবে। এই উৎসব যেন নাগরিকদের জীবনে আনন্দ, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য নিয়ে আসে এবং ঐক্য, শান্তি ও সৌভ্রাতৃত্বের বার্তা ছড়িয়ে দেয়’।

শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু নিরাপদ ও পরিবেশবান্ধব পদ্ধতিতে দীপাবলি উৎসব উদযাপন করার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন।
